ধান কাটা

সবুজ ধানী জমি

পাম্প

চাঁদপুর সেচ প্রকল্প

CHANDPUR IRRIGATION PROJECT

চরবাগাদী পাম্পিং প্লান্ট   Charbagadi Pumping Plant

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD



চাঁদপুর সেচ প্রকল্প

অবস্থান ঃ

চাঁদপুর শহর থেকে ৫.০০ কিমি দক্ষিণে চাঁদপুর ও লক্ষীপুর জেলার ৬টি উপজেলার যথাক্রমে চাঁদপুর জেলার চাঁদপুর সদর, ফরিদগঞ্জ ও হাইমচর উপজেলা এবং লক্ষীপুর জেলার লক্ষীপুর সদর, রায়পুর ও রামগঞ্জ উপজলোর অংশবিশেষে চাঁদপুর সেচ প্রকল্পের অবস্থান। প্রকল্প এলাকাটি ১০০.০০ কিমি বন্যা নিয়ন্ত্রণ বাঁধ দ্বারা পরিবেশষ্টিত। প্রকল্পের পশ্চিমে বিশাল মেঘনা নদী প্রবাহিত।

আয়তন ঃ

প্রকল্প গ্রস এলাকা ৫৩,০০০ হেক্টর, চাষযোগ্য এলাকা ২৮,৫০০ হেক্টর ও সেচযোগ্য এলাকা ২২,০০০ হেক্টর।

পটভুমি ঃ

মেঘনা ও ডাকাতিয়া নদী বিধৌত প্রাক চাঁদপুর সেচ প্রকল্প এলাকা প্রায় প্রতি বছরই ভয়াবহ বন্যা এবং খরার সম্মুখীন হতো। এতে প্রকল্পের অধিবাসীর জীবন ছিল অনিশ্চয়তায় ভরা। শুধু তাই নয়, বন্যার সঙ্গে সঙ্গে কৃষকদের জীবনে নেমে আসত জলাবদ্ধতার নিদারুন সমস্যা। এ ত্রিমুখী সমস্যার সমাধান করে খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধি করার লক্ষ্যে আইডিএ'র সতায়তায় ৫৪.৩০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে ১৯৬৩ সালে প্রকল্পের কার্যক্রম শুরু করা হয়। ১৯৭২ সাল হতে পুরোদমে ভৌত কাজ শুরু হয়ে ১৯৭৮ সালে প্রকল্পটির বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়।

উদ্দেশ্য ও লক্ষ্য ঃ

চাঁদপুর ও লক্ষীপুর জেলার ৬টি উপজেলার প্রকল্পভুক্ত আবাদযোগ্য জমিতে সেচ, বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থাদির মাধ্যমে আধুনিক পদ্ধতিতে কৃষি উৎপাদন বৃদ্ধি করা প্রকল্পের প্রধান উদ্দেশ্য। প্রকল্পভুক্ত ৫৩,০০০ হেক্টর এলাকা বন্যামুক্ত ও জলাবদ্ধতার হাত থেকে রক্ষা করে ২৮,৫০০ হেক্টর জমিতে সেচ সুবিধা দেয়ার লক্ষ্যে প্রকল্পটি বাস্তবায়িত হয়।

বাস্তবায়নোত্তর সুফল ঃ

সেচ সুবিধা প্রদান ঃ

প্রকল্প বাস্তবায়নান্তে ১৯৭৮-৭৯ সাল হতে পর্যায়ক্রমে ২২,০০০ হেক্টর এলাকায় সেচ সুবিধা এবং ২৮,৫০০ হেক্টর এলাকায় সম্পূরক সেচ সুবিধা প্রদান সম্ভব হয়েছে।

বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ঃ

প্রকল্পভুক্ত ৫৩,০০০ হেক্টর সম্পূর্ণ বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন সুবিধার আওতায় আনয়ন করা সম্ভব হয়েছে।

আয় ও কর্মসংস্থান মূলক ঃ

প্রকল্প সমাপ্তির পর প্রতিবছর এর পরিচালন, রক্ষণাবেক্ষণ ও কৃষি কাজের দরুন ৯০ লক্ষ শ্রম দিবসের কর্মসংস্থান হয়েছে। প্রকল্প এলাকায় উন্নত কৃষি কাজের প্রক্রিয়ার সঙ্গে সঙ্গে আয় ও কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে। কৃষি ভিত্তিক ক্ষুদ্র ও কুটির শিল্প, হাট-বাজার, ব্যবসা-বাণিজ্য, যোগাযোগ, যানবাহন, এনজিও, ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি ক্ষেত্রে উন্নতি সাধিত হয়েছে।

উৎপাদনমূলক ঃ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সফল বাস্তবায়িত প্রকল্প তালিকায় চাঁদপুর সেচ প্রকল্প অন্যতম। প্রকল্পের পূর্বাবস্থায় বিভিন্ন ফসলের বাৎসরিক মোট উৎপাদন ছিল ১.০৮ লক্ষ মেঃ টন। যার মূল্য ছিল ৬০ কোটি টাকা। প্রকল্প বাস্তবায়ন পরবর্তী প্রকল্প পূর্বাবস্থার তুলনায় বাড়তি ধানসহ অন্যান্য ফসল উৎপাদনের পরিমাণ ৩.৫৭ লক্ষ মেঃটন। যার বর্তমান বাজার মূল্য প্রায় ৬০০.০০ কোটি টাকা। প্রকল্পটি বাস্তবায়নের ফলে খাদ্য ঘাটতির এ এলাকাটি বর্তমানে খাদ্যে উদ্বৃত্ত। এ ছাড়া প্রকল্প বাস্ত বায়নের পরবর্তী সময়ে নারিকেল, পান, সুপারি ও আখসহ অন্যান্য ফসল অভাবনীয়ভাবে উৎপাদন বৃদ্ধি পায়। প্রকল্পটি ১৯৭৮ সালে সমাপ্তির পর প্রকল্পের ফসলের নিবিড়তা ১৫১% হতে পর্যায়ক্রমে ২৩৪% এ উন্নীত হয়েছে। বিগত ৮ বছরের বাড়তি ফসল উৎপাদন খাতে গড়ে ৪২৭.৮২ কোটি টাকা লাভের বাৎসরিক খতিয়ান নিম্ন ছকে উদ্ধৃত করা হলো।

বৎসর	বার্ষিক বাড়তি ফসল উৎপাদন (মেঃটন)	মূল্য (লক্ষ টাকায়)
২০০১-২০০২	৩৩১৫০০.০০	২৮৫৬৫.২৫
২০০২-২০০৩	৩৪২২৫০.০০	৩০৫৩৫.৫০
২০০৩-২০০৪	৩৪৫৫২৫.০০	৩৬৫৭৫.২৫
২০০৪-২০০৫	৩৪৭৬৭৫.০০	৪২৫১৭.০০
২০০৫-২০০৬	৩৫০২২৫.০০	৪৪৫৭৫.০০
২০০৬-২০০৭	৩৪৮৭৭৫.০০	৪৪৬৫০.০০
২০০৭-২০০৮	৩৫৬৬৫৬.০০	৫৫২৬৫.০০
২০০৮-২০০৯	৩৫৭১১৫.০০	৫৯৫৭৫.০০
গড়	**৩৪৭৪৬৫.১৩**	**৪২৭৮২.২৫**

মৎস্য উন্নয়ন ঃ

প্রকল্পভুক্ত প্রধান সেচ খাল (ডাকাতিয়া নদী) ৫৮.০০ কিমি, বরোপিট খাল ৭৫.০০ কিমি এবং অন্যান্য সেচ খালে ব্যাপকভাবে মৎস্য চাষ করা হচ্ছে।

পরিবেশগতঃ

উন্নততর পানি ব্যবস্থাপনার জন্য ভৌত পরিবেশের উন্নতি হয়েছে। প্রকল্প এলাকায় ব্যাপক বনায়ন করা হয়েছে। মৎস্য অধিদপ্তর কর্তৃক মৎস্য উৎপাদন বৃদ্ধিকল্পে প্রকল্প এলাকায় মৎস্য চাষের প্রসার ঘটিয়েছে। প্রকল্পস্থ জলাবদ্ধতা দূরিকরণের ফলে পরিবেশগত ভারসাম্যের পরিবর্তন হয়নি এবং প্রাকৃতিক মাছ উৎপাদনের ব্যাঘাত ঘটেনি।

নৌচলাচলঃ

প্রকল্প এলাকার জলাধারে নির্দিষ্ট মাত্রায় পানি রাখার ফলে নদী ও খালে সারা বছর ব্যাপী নৌ-চলাচল করে থাকে।

বার্ষিক পরিচালন ও রক্ষণাবেক্ষণঃ

প্রকল্পের বার্ষিক পরিচালন ও রক্ষণাবেক্ষণ প্রায় ৩০০.০০ লক্ষ টাকা যা রাজস্ব ও কাবিখা কর্মসূচীর আওতায় বাজেট বরাদ্দের মাধ্যমে সংকুলান করা হয়ে থাকে।

এক নজরে প্রকল্প সার সংক্ষেপ

১।	প্রকল্পের নাম	ঃ	চাঁদপুর সেচ প্রকল্প
২।	প্রকল্পের ধরণ	ঃ	বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ
৩।	অবস্থান	ঃ	চাঁদপুর জেলার চাঁদপুর সদর, ফরিদগঞ্জ ও হাইমচর উপজেলা এবং লক্ষ্মীপুর জেলার লক্ষ্মীপুর সদর, রায়পুর ও রামগঞ্জ উপজেলার অংশবিশেষ।
৪।	প্রকল্প এলাকা	ঃ	৫৩,০০০ হেঃ (গ্রস), ২৮,৫০০ হেঃ (চাষযোগ্য) এবং ২২,০০০ হেঃ (সেচযোগ্য)।
৫।	বাস্তবায়ন কাল	ঃ	১৯৬৩ সাল হতে ১৯৭৮ সাল (ভৌত কাজ ১৯৭৩ হতে ১৯৭৮ সাল)
৬।	বাস্তবায়ন ব্যয়	ঃ	৫৪৩০.০০ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা ১৭১৫ লক্ষ টাকা)
৭।	বার্ষিক অতিরিক্ত ফসল উৎপাদন	ঃ	৩.৫৭ লক্ষ মেঃ টন (সমমূল্য প্রায় ৬০০০০.০০ লক্ষ টাকা)
৮।	প্রধান অঙ্গসমূহ	ঃ	
	(ক) পাম্প হাউজ ও নেভিগেশন লক গেইট	ঃ	২টি নেভিগেশন লক গেইটসহ ১টি পাম্প হাউজ (চরবাগাদী) ৬টি পাম্প, প্রতিটি ৫.৬৭ কিউমেক ক্ষমতা সম্পন্ন
	(খ) রেগুলেটর ও নেভিগেশন লক গেইট	ঃ	১টি (হাজীমারা), ১টি নৌ-চলাচল গেইটসহ ৫ ভেন্ট নিষ্কাশন ক্ষমতা ৬৫১ কিউমেক
	(গ) ছোট রেগুলেটর	ঃ	৬টি (প্রতিটি ২ ভেন্ট)
	(ঘ) বন্যা নিয়ন্ত্রণ বাঁধ	ঃ	১০০.০০ কিঃ মিঃ
	(ঙ) প্রধান সেচ খাল	ঃ	১টি (ডাকাতিয়া নদী), ৫৮.০০ কিঃমিঃ
	(চ) সেকেন্ডারী খাল	ঃ	৭৫৪.০০ কিঃমিঃ
	(ছ) ব্রীজ	ঃ	২৮টি
	(জ) স্বল্পোত্তোলক পাম্প (এলএলপি)	ঃ	১৬০০ টি
৯।	সেচের জন্য পানির লেভেল	ঃ	(ক) সর্বোচ্চ পন্ড লেভেল ঃ + ২.৪৪ মিঃ (পিডব্লিউডি) (খ) ডেডস্টোরেজ লেভেল ঃ + ২.১৩ মিঃ (পিডব্লিউডি)
১০।	ফসলের নিবিড়তা	ঃ	(ক) প্রকল্প পূর্বাবস্থায় ১৫১% (খ) প্রকল্প বাস্তবায়নের পর ২৩৪%
১১।	২০০৮-২০০৯ সালে সেচ	ঃ	(ক) লক্ষ্যমাত্রা ২২,০০০ হেক্টর (খ) সাফল্য ২১,৮০০ হেক্টর
১২।	২০০৯-২০১০ সালে সেচের লক্ষ্যমাত্রা	ঃ	২২,০০০ হেক্টর
১৩।	বার্ষিক গড় অতিরিক্ত ফসল উৎপাদন	ঃ	৩.৫৭ লক্ষ মেঃ টন (সমমূল্য টাকা ৬০০০০.০০ লক্ষ টাকা)
১৪।	পানি ব্যবহারকারী দল	ঃ	১২৫১ টি
১৫।	বার্ষিক পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়	ঃ	৩০০.০০ লক্ষ টাকা
১৫।	নীট বাড়তি ফসল উৎপাদন (১১৯৪-৯৫ হতে ২০০৮-০৯)	ঃ	৫০৪৫১৬৩.২৫ মেঃটন (সমমূল্য প্রায় ৫১৮৩১৫.৩৮ লক্ষ টাকা)

CHANDPUR IRRIGATION PROJECT

LOCATION

The project is located 5.00 km. south of Chandpur town comprises with 6(six) upazillas in Chandpur & Laxmipur district viz. Chandpur Sadar, Faridgonj & Haimchar in Chandpur district and Laxmipur Sadar, Raipur & Ramgonj in Laxmipur district. The project area is bounded by 100 km flood embankment. The mighty river Meghna is flowing at western site of the project.

AREA

The project covers a gross area of 53,000 ha, Cultivable area 28,500 ha and Irrigable area 22,000 ha.

BACKGROUND

Chandpur Irrigation Project is located at the confluence of the Meghna & Dakatia River. The area at the pre-project condition used to experience flood, draught and drainage congestion in every year. As a result, the living conditions of the project people were in full of un-certainty. To solve the problem and improve the Socio-economic condition of the people, a multi purpose project which included flood control, drainage and irrigation facilities together with agricultural development was taken up during 1963. The physical work of the project was started during 1973 in full swing and completed during 1978 under IDA assistance costing Tk. 54.30 crores.

OBJECTIVE AND TARGET

The main objective of the project is to bring the area under full flood control of gross area of 53000 hectrors and irrigation net work of the cultivable land of 28500 hectors to boost up agricultural production through adopting modern technology.

PROJECT BENEFITS

Irrigation Facilities

After completion of the project since 1978-79 to date irrigation facilities to an area of 22,000 ha and supplementary irrigation benefits to an area of 28,500 ha have been achieved.

Flood control & drainage

The project area of 53,000 ha. has been brought under flood control and drainage facilities.

Income and Employment opportunity

After implementation of the project about 90.00 lacs labor days have been generated for operation and maintenance and increased agricultural activities with the introduction of improved agricultural practices. Income and employment of opportunity has been increased to a great extent. Agricultural based cottage industry, markets, business, communication, transportation, employment in NGO's bank, educational institution etc. have also been developed.

Impacts of Production

Chandpur Irrigation Project is one of the successful flood control drainage and irrigation project of the BWDB. After implementation of the project, intensive crop production had been continuing throughout the year and the cropping intensity had been increased from 151% to 234%. The pre-project production was about 1.08 lac M Ton costing Tk. 60.00 crores whereas the present post project production is about 3.57 lac M. Ton costing Tk. 600.00 crores. In pre-project condition the project area was food deficit but after implementation of the project it has been turned into a food surplus area. Implementation of the project, drastic improvement in production of coconut, betel nut, betel leaf and sugar cane was observed. The net year wise economic profit profile amounting to Tk. 427.82 crore in terms of incremental crops production for the last 8(eight) years from 2001-2002 to 2008-2009 is exhibited in the following table:

Year	Yearly incremental crop Production (MT)	Amount (Tk. in lac)
2001-2002	331500.00	28565.25
2002-2003	342250.00	30535.50
2003-2004	345525.00	36575.25
2004-2005	347675.00	42517.00
2005-2006	350225.00	44575.00
2006-2007	348775.00	44650.00
2007-2008	356656.00	55265.00
2008-2009	357115.00	59575.00
Average	**347465.13**	**42782.25**

Fisheries Development

Planned fishery development by Fishery Directorate, has also been taken up in the main canal Dakatia river 58.00 km., Borropit Khal 75.00 km. and other secondary canals.

Environment

With improved water management and drainage facilities, improvement on environmental aspects created infrastructures by increasing opportunity like plantation, afforestation, communication and planned fishery development by Fishery Directorate, creation of the above facilities, there is no adverse impact on environment.

Navigation

Through maintaining a desired water level the Dakatia river and connected canals within the project area remain navigable throughout the year.

Yearly Operation and Maintenance

Operation and maintenance of the project is Tk. 300.00 lac only. The O&M works is done under revenue budget & FFW Programme.

PROJECT BRIEF AT A GLANCE

1.	Name of Project	: Chandpur Irrigation Project
2.	Type of Project	: Flood control, Drainage & Irrigation
3.	Location	: Chandpur Sadar, Fardigonj & Haimchar Upazilla in Chandpur district and Laxmipur Sadar, Raipur & Ramgonj Upazilla in Laxmipur district.
4.	Project area	: 53,000 ha. (gross), 28,500 ha. (cultivable) and 22,000 ha. (Irrigable).
5.	Implementation Period	: 1963 to 1978 (Physical work 1973 to 1978)
6.	Implementation Cost	: 5430.00 lac (IDA Loan 1715 lac)
7	Yearly additional crop production	: 3.57 lac M. Ton (Equivalent to Tk. 60000.00 lac)
8.	Salient Features	:
	a) Pump House with Navigation Lock gate=2 Nos	: 1 No consisting 6(six) Pumps having capacity of 5.67 cumec each.
	b) Regulator with Navigation Lock gate	: 1 No. with a drainage capacity of 651 cumec.
	c) Small Regulator	: 6 Nos
	d) Flood Embankment	: 100 km
	e) Main Irrigation canal	: 1 No. (Dakatia river) 58.00 km
	f) Secondary Irrigation canal	: 754.00 km.
	g) Bridge	: 28 Nos
	h) LLP	: 1600 Nos
9	Water level for Irrigation	: (a) Highest level + 2.44 m (PWD) (b) Dead Storage level + 2.13 m (PWD)
10	Cropping Intensity (CI)	: (a) Pre-project : 151 % (b) Post-project: 234%
11	Irrigation in 2008-2009	: (a) Target : 22,000 ha. (b) Achieved: 21,800 ha.
12	Irrigation in 2009-2010	: 22,000 ha.
13	Yearly average additional crop production	: 3.57 lac M.Ton (Equivalent to Tk. 60000.00 lac)
14	Water users group	: 1251 Nos
15	Yearly O&M Cost	: 300.00 lac
16	Net incremental crop production benefit for last 15(fifteen) years (1994-95 to 2008-2009)	: 5045163.25 M. Ton (Equivalent to Tk. 518315.38 lac)